গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০০.২৭০০.০৪২.১৪.০৩৪.১৭-২২০৩

তারিখ: ২৬ অগ্রহায়ণ ১৪২৫ / ১০ ডিসেম্বর ২০১৮

বিষয়: দিনাজপুর জেলা পরিষদের ২০১৫-২০১৬ অর্থ বছরে নবাবগঞ্জ উপজেলায় কেন্দ্রীয় শহীদ মিনার নির্মাণ প্রকল্পের পরিবর্তে আফতাবগঞ্জ ঈদগা মাঠের মিনার নির্মাণ প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্র: দিনাজপুর জেলা পরিষদের স্মারক নং-জেপদি/চার-০৪/২০১৮-২০১৯/১২৪৮, তারিখ: ৬/১১/২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় নবাবগঞ্জ কেন্দ্রীয় শহীদ মিনার নির্মাণ প্রকল্পটি পরিবর্তনের বিষয়ে নিম্নবর্ণিত তথ্য দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

ক) ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় নবাবগঞ্জ কেন্দ্রীয় শহীদ মিনার নির্মাণ প্রকল্পটি গ্রহণের পূর্বে একই স্থানে পূর্ণাঙ্গ শহীদ মিনার বিদ্যমান ছিল কিনা তা যাচাই না করেই উক্ত প্রকল্প গ্রহণের কারণ ;

খ) ২০১৫-২০১৬ অর্থ বছরে নবাবগঞ্জ কেন্দ্রীয় শহীদ মিনার নির্মাণ প্রকল্পটি ১৮,৫০,০০০/- (আঠার লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় বাস্তবায়নের অনুমোদন দেয়া হলেও উক্ত প্রকল্প পরিবর্তনের প্রস্তাবে অনুমোদিত অর্থের পরিমাণ ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা উল্লেখ করার কারণ;

গ) অনুমোদিত প্রকল্পটি পরিবর্তন করে নতুন প্রকল্প গ্রহণের যৌক্তিক কারণ।

J.Main
20/12/2018

(ড. জুলিয়া মঈন)
উপসচিব
ফোন: ৯৫৭৫৫৬৮
email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, দিনাজপুর।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশ করার জন্য)।